# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১১৬১

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. নামাযে উচ্চস্বরে বিসমিল্লাহির রহমানির রাহীম পড়া ওয়াজিব এবং এ সম্পর্কে হাদীসসমূহের বিভিন্নতা

بَابُ وُجُوبِ قِرَاءَةِ ( بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ) فِي الصَّلَاةِ ، وَالْجَهْرِ بِهَا ، وَاخْتِلَافِ الرِّوَايَاتِ فِي ذَلِكَ

---

আরবী

حَدَّثَنَا أَبُو الطَّاهِرِ مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ نَصْرٍ ، وَأَحْمَدُ بْنُ السِّنْدِيِّ بْنِ الْحَسَنِ ، قَالَا : نَا جَعْفَرُ بْنُ مُحَمَّدٍ الْفِرْيَابِيُّ ، ثَنَا أَبُو أَيُّوبَ سُلَيْمَانُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ ، ثَنَا إِسْمَاعِيلُ بْنُ عَيَّاشٍ ، ثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عُثْمَانَ بْنِ خُثَيْمٍ ، عَنْ إِسْمَاعِيلَ بْنِ عُبَيْدِ بْنِ رِفَاعَةَ ، عَنْ أَبِيهِ ، عَنْ جَدِّهِ أَنَّ مُعَاوِيَةَ بْنَ أَبِي سُفْيَانَ قَدِمَ الْمَدِينَةَ حَاجًّا أَوْ مُعْتَمِرًا ، فَصَلَّى بِالنَّاسِ ، فَلَمْ يَقْرَأْ ( بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ) حِينَ افْتَتَحَ الْقُرْآنَ ، وَقَرَأَ بِأُمِّ الْكِتَابِ ، فَلَمَّا قَضَى الصَّلَاةَ ، أَتَاهُ الْمُهَاجِرُونَ وَالْأَنْصَارُ مِنْ نَاحِيَةِ الْمَسْجِدِ ، فَقَالُوا : أَتَرَكْتَ صَلَاتَكَ يَا مُعَاوِيَةُ ؟! أَنَسِيتَ : ( بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ) ؟! فَلَمَّا صَلَّى بِهِمُ الْأُخْرَى ، قَرَأَ : ( بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ )

قَالَ الشَّيْخُ : وَقَدْ رَوَى الْجَهْرَ بِ ( بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ) عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ جَمَاعَةٌ مِنْ أَصْحَابِهِ ، وَمِنْ أَزْوَاجِهِ غَيْرُ مَنْ سَمَّيْنَا ، كَتَبْنَا أَحَادِيثَهُمْ بِذَلِكَ فِي بَابِ الْجَهْرِ بِهَا مُفْرَدًا ، وَاقْتَصَرْنَا هَا هُنَا عَلَى مَنْ قَدَّمْنَا ذِكْرَهُ ؛ طَلَبًا لِلِاخْتِصَارِ وَالتَّخْفِيفِ ، وَكَذَلِكَ ذَكَرْنَا فِي ذَلِكَ الْمَوْضِعِ أَحَادِيثَ مَنْ جَهَرَ بِهَا مِنْ أَصْحَابِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ وَالتَّابِعِينَ لَهُمْ ، وَالْخَالِفِينَ بَعْدَهُمْ ، رَحِمَهُمُ اللَّهُ

বাংলা

**১১৬১(৩৪).** আবুত-তাহের মুহাম্মাদ ইবনে আহমাদ ইবনে নাসর (রহঃ) ... ইসমাঈল ইবনে উবায়েদ ইবনে রিফায়া (রহঃ) থেকে তার পিতা ও দাদার সূত্রে বর্ণিত। মুআবিয়া ইবনে আবু সুফিয়ান (রাঃ) হজ্জ অথবা উমরা করার উদ্দেশে মদীনায় এলেন এবং এখানে তিনি লোকদের নামাযে ইমামতি করলেন। তিনি কুরআন পড়া শুরু করতে বিসমিল্লাহির রহমানির রাহীম পড়লেন না এবং সরাসরি উম্মুল কিতাব (সূরা আল-ফাতিহা) পড়লেন। তিনি নামায শেষ করলে পর মসজিদের বিভিন্ন প্রান্ত থেকে মুহাজির ও আনসার সাহাবীগণ তার নিকট এলেন এবং বললেন, হে মুআবিয়া! আপনি কি আপনার নামায ছেড়ে দিয়েছেন? আপনি কি বিসমিল্লাহির রহমানির রাহীম পড়তে ভুলে গিয়েছেন? অতঃপর তিনি যখন তাদেরকে পরের ওয়াক্তের নামায পড়ালেন তখন বিসমিল্লাহির রহমানির রাহীম পড়লেন।

আশ-শায়েখ (দারাকুতনী) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর একদল সাহাবী এবং তাঁর স্ত্রীগণ ব্যতীত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে সশব্দে বিসমিল্লাহির রহমানির রাহীম পড়ার হাদীস আরো কতক সাহাবী বর্ণনা করেছেন। আমরা এই সম্পর্কে তাদের হাদীস স্বতন্ত্রভাবে একটি কিতাবে (অধ্যায়ে) বর্ণনা করেছি এবং এখানে আমরা সংক্ষেপ ও সহজ করার জন্য সংক্ষিপ্ত আলোচনা করলাম। একইভাবে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর অপরাপর সাহাবীগণ, তাবিঈগণ ও তাদের পরবর্তীগণের মধ্যে যারা সশব্দে তাসমিয়া পড়তেন আমরা তাদের হাদীস এখানে বর্ণনা করেছি।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80950

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন